গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ৪৭৪

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১
১৬ এপ্রিল ২০২৫

**বিষয়: এপ্রিল-জুন ২০২৫ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

**General Condition (সাধারণ অবস্থা):**

১.এপ্রিল ২০২৪ - মার্চ ২০২৫ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে -৬.৩, -৩.১, -২.৫, +৭.৮, -১.০, +৪.২, +৬.৫ ও +৩.৭,+৭.৭, +১৩.২ (Bureau of Meteorology, Australia)।

২. মার্চ ২০২৫ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৮৬%) বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ৮, ১৩-১৭, ২০-২২ ও ৩১ মার্চ ২০২৫ সময়ে দেশের কোথাও কোথাও হালকা থেকে ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয় হয় সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরণের কালবৈশাখি ঝড় বয়ে যায় । এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৬৮ মি.মি. সিলেটে রেকর্ড (১৫ মার্চ ২০২৫) করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক স্থানের উপর দিয়ে ১৩-১৬ মার্চ ২০২৫ পর্যন্ত মৃদু এবং ২৬-৩১ মার্চ ২০২৫ পর্যন্ত হালকা থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যায় । এ সময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪১.০°সে. (যশোর ২৮ মার্চ ২০২৫) এবং দেশের সর্বনিম্ন তাপমাত্রা ১২.০°সে. (৪ মার্চ ২০২৫ রাজারহাট ও ৭ মার্চ সিলেট ২০২৫) রেকর্ড করা হয়। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপ প্রবাহ, ঘূর্ণিঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা মার্চ ২০২৫ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদি যথাযথ বিশ্লেষণপূর্বক এপ্রিল-জুন ২০২৫ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | এপ্রিল ২০২৫ খ্রি: | | মে ২০২৫ খ্রি: | | জুন ২০২৫ খ্রি: | | এপ্রিল ২০২৫ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | |
| ঢাকা | ১৪৮ | ১৩০ - ১৫০ | ২৬৭ | ২৭৫-৩৫০ | ৩৫৬ | ৩৪০-৩৭৫ | ১৫-২৫ |
| ময়মনসিংহ | ১৬৪ | ১৪০ - ১৭০ | ৪২২ | ৩৬০-৪৫৫ | ৪৩২ | ৪১০-৪৫০ | ১৫-২৫ |
| চট্টগ্রাম | ১৪৩ | ১২০ - ১৪০ | ৩১০ | ২৯৫-৩৭০ | ৫৮৯ | ৫৩০-৬৪৫ | ২০-৩০ |
| সিলেট | ২৯৬ | ২৮০ - ৩২০ | ৫১০ | ৪৮৫-৬১০ | ৬৩৪ | ৫৬০-৬২০ | ১৭-২৭ |
| রাজশাহী | ৯৩ | ৭৫ - ৯০ | ২১৬ | ১৮৫-২৩৫ | ৩০৫ | ২৯০-৩২০ | ১২-২২ |
| রংপুর | ১২৯ | ৮৫ -১০৫ | ২৯১ | ২৪৫-৩১৫ | ৪৮৯ | ৩৭০-৪১০ | ১৫-২৫ |
| খুলনা | ৭৯ | ৫০ - ৭০ | ১৭৬ | ১৬৫-২১০ | ২৯৬ | ২৮০-৩১০ | ১৫-২৫ |
| বরিশাল | ১৩৩ | ১১০ - ১৪০ | ২৫০ | ২৪৫-৩১০ | ৪৮৩ | ৪৬০-৫১০ | ২০-৩০ |

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. বঙ্গোপসাগরে ৩-৪ লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিনত হতে পারে।
২. দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৪ দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৬-৮ দিন হালকা/মাঝারি এবং ৩-৫ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি /বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
৬. দেশে ৬-৮ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ৩-৪ টি তীব্র (৪০ -৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

১৬/০৪/২৫
(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় উপদেষ্টা
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৭।
৩। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫০৪৪০০।
৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৫৫৪০৫।
৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
১০।সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।